গাংনীতে বিষ পান করে মাদ্রাসা শিক্ষকের আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলায় সাব্বির হোসেন (২৪) নামের এক মাদ্রাসা শিক্ষক ঘাস পোড়ানোর বিষ পান করে আত্মহত্যা করেছেন।

নিহত সাব্বির হোসেন গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর স্কুলপাড়ার কাফিরুল ইসলামের ছেলে। তিনি একই ইউনিয়নের তেরাইল দারুচ্ছুন্নাত মোখতারিয়া হাফেজিয়া মাদ্রাসার শিক্ষক ছিলেন।

ঘটনাটি ঘটেছে গতকাল সোমবার দুপুরে গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের নওদাপাড়া গ্রামে, নিহতের নানার বাড়িতে।

পরিবার সূত্রে জানা গেছে, সাব্বির হোসেন নিজ বাড়ি দেবীপুর গ্রাম থেকে নানার বাড়ি নওদাপাড়ায় বেড়াতে গিয়ে সেখানে ঘাস পোড়ানোর বিষ পান করে অসুস্থ হয়ে পড়েন। বিষয়টি বুঝতে পেরে পরিবারের সদস্যরা তাকে চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাতে তার মৃত্যু হয়।

নিহতের মরদেহ রাতে নিজ বাড়িতে আনা হলে পুলিশ ময়নাতদন্তের জন্য মরদেহটি থানা হেফাজতে নেয়।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় কয়েকজন জানান, সাব্বির হোসেন মাদ্রাসায় শিক্ষকতা করার সময় এক শিক্ষার্থীর সঙ্গে অনৈতিক আচরণের অভিযোগ ওঠে। এ অভিযোগের ভিত্তিতে মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে বহিষ্কার করে।

তেরাইল দারুচ্ছুন্নাত মোখতারিয়া হাফেজিয়া মাদ্রাসার সভাপতি সম্রাট বিশ্বাস বলেন, সাব্বির হোসেনের বিরুদ্ধে অভিযোগ ওঠায় মাদ্রাসা কমিটির পক্ষ থেকে তাকে কিছুদিন আগে বহিষ্কার করা হয়েছে। বর্তমানে তিনি প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত নন।

ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ পুলিশ উপপরিদর্শক (এসআই) আব্দুল করিম বলেন, “কীটনাশক পান করে সাব্বির হোসেন নামের এক মাদ্রাসা শিক্ষক আত্মহত্যা করেছেন বলে আমরা খবর পাই। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠায়। ময়নাতদন্ত শেষে মরদেহ পরিবারের

কাছে হস্তান্তর করা হবে। ”